



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.tangail.gov.bd



স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০১০.১০.০২৩.১৬.১৩৫৮

তারিখ: ১৭ পৌষ ১৪২৯

০১ জানুয়ারি ২০২৩

বিষয়: ২০২৩ সনের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সীমা বৃদ্ধিকরণ।

সূত্র: এ অফিসের ০৭ নভেম্বর ২০২২ তারিখের ০৫.৩০.৯৩০০.০১০.১০.০১৭.২২-১২৮৭(৫০) নং স্মারক

আর্মস রুলস, ১৯২৪ এর ৪২(৩) বিধি মোতাবেক টাঙ্গাইল জেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্স ২০২৩ খ্রিঃ সনের জন্য সূত্রোক্ত স্মারকে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর জুডিসিয়াল মুন্সিখানা শাখা হতে নবায়ন করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে কিছু সংখ্যক ব্যক্তি, ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন না হওয়ায় সরকারি স্বার্থে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর ৩১ (খ) নং উপানুচ্ছেদের নির্দেশনা মোতাবেক ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সীমা বর্ধিত করা হলো।

০১। পিস্তল/ রিভলবার/ রাইফেল লাইসেন্স নবায়নের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইলকে এবং বন্দুক/শটগান লাইসেন্স নবায়নের জন্য সিনিয়র সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, টাঙ্গাইলকে দায়িত্ব প্রদান করা হলো।

০২। একইসাথে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল এর অনুপস্থিতকালীন প্রতিভূ কর্মকর্তা এবং সিনিয়র সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, টাঙ্গাইল এর অনুপস্থিতকালীন প্রতিভূ কর্মকর্তাকে নবায়নের ক্ষমতা প্রদান করা হলো।

১-১-২০২৩

জসীম উদ্দীন হায়দার

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: +৮৮০২৯৯৭৭১৪৯০২

ফ্যাক্স: +৮৮০২৯৯৭৭১৪৯০৩

ইমেইল: dctangail@mopa.gov.bd

বিতরণ :

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি/ উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
- ২) সিনিয়র সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
- ৩) জনাব,
.....!

স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০১০.১০.০২৩.১৬.১৩৫৮/১(৮)

তারিখ: ১৭ পৌষ ১৪২৯

০১ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩) পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, টাঙ্গাইল। চৌকিদারী প্যারেডে অংশগ্রহণকারী সদস্য/ গ্রাম পুলিশের মাধ্যমে নোটিশ প্রদানের নির্দেশনার অনুরোধসহ।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার,(সকল)। আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সীমা ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট লাইসেন্সধারীকে অবহিতকরণসহ ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৫) নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
- ৬) ডেপুটি জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল অফিস, সোনালী ব্যাংক, টাঙ্গাইল। তাঁকে নির্ধারিত খাতে আগ্নেয়াস্ত্র লাইসেন্স ফি ট্রেজারী চালান মূলে ব্যাংকে জমা নেয়ার জন্য বিকেল ৪:০০ ঘটিকা পর্যন্ত সোনালী ব্যাংকের প্রধান শাখা, টাঙ্গাইল খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো।
- ৭) জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল। অফিস চলাকালীন আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করিয়ে নেয়ার বিষয়টি প্রতিটি উপজেলায় বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৮) সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। পত্রের কপি জেলা প্রশাসক মহোদয়ের ওয়েব সাইটে এবং ফেইস বুক প্রকাশের অনুরোধসহ।



১-১-২০২৩

জসীম উদ্দীন হায়দার
জেলা ম্যাজিস্ট্রেট